


# যুগান্তর

রিফাত হত্যা

## তিন আসামিকে এসএসসির ফরম পূরণের অনুমতি

প্রকাশ : ১৪ নভেম্বর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 বরগুনা (দক্ষিণ) প্রতিনিধি

বরগুনায় আলোচিত রিফাত শরীফ হত্যা মামলার তিন কিশোর আসামিকে পরীক্ষার ফরম পূরণের অনুমতি দিয়েছেন আদালত। বুধবার সকাল ১০টায় বরগুনার শিশু আদালতের বিচারক ও জেলা জজ মো. হাফিজুর রহমান এ আদেশ দিয়েছেন। আসামিরা হল- প্রিন্স মোল্লা, আবু আবদুল্লাহ ও নেয়ামত উল্লাহ।

প্রিন্স মোল্লার আইনজীবী গোলাম মোস্তফা যুগান্তরকে বলেন, প্রিন্স মোল্লা এ বছর বরগুনা সরকারি কলেজ থেকে বিএ পরীক্ষা দেবে। কিশোর আসামি আবু আবদুল্লাহ ও নেয়ামত উল্লাহ আসন্ন এসএসসি পরীক্ষার ফরম পূরণের জন্য আদালতে আবেদন করেছে। তাদের আইনজীবী জাকির খান বশির যুগান্তরকে বলেন, ২০২০ সালে অনুষ্ঠিতব্য এসএসসি পরীক্ষার ফরম পূরণের জন্য আদালত অনুমতি দিয়েছেন। রাষ্ট্রপক্ষের আইনজীবী এম মজিবুল হক কিসলু বলেন, তিন কিশোর আসামিকে যশোর কিশোর উন্নয়ন কেন্দ্র থেকে আদালতে উপস্থিত করা হবে। তাদের উপস্থিতি রাষ্ট্রপক্ষ অভিযোগপত্র শুনাবেন। রাষ্ট্রপক্ষের আইনজীবী জানান, আসামিরা প্রকাশ্য বরগুনা সরকারি কলেজের সামনে রিফাত শরীফকে কুপিয়ে জখম করে। পরে তিনি মারা যান। ২৪ জন আসামির মধ্যে ১৫ জন দোষ স্বীকার করে আদালতে জবানবন্দি দিয়ে অন্য আসামিদের নাম বলেছে। এ মামলার প্রধান আসামি নয়ন বন্ড পুলিশের সঙ্গে বন্দুকযুদ্ধে ২ জুলাই নিহত হয়। সব আসামিই দোষী। শিশু মামলাটি ১৮ নভেম্বর চার্জ শুনানির জন্য ধার্য রয়েছে।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।